গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।
web: gafargaon.mymensingh.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০১০.০২.০০৫.২৩-১২৬৯ তারিখঃ- ২৮ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ নভেম্বর ২০২৩ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫(সংশোধনসহ) এর বিধান মোতাবেক এবং ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের ৩০ অক্টোবর ২০২৩ খ্রি, তারিখের মাসিক সভার ২২ নং অনুচ্ছেদে মোতাবেক অনুমোদনক্রমে গফরগাঁও উপজেলার নিম্নোক্ত ইউনিয়ন পরিষদের শুন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগ করার লক্ষে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে সাদা কাগজে স্বহস্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র নং | পদের নাম | শুন্য পদের সংখ্যা (জন) | বেতন সর্বসাকুল্যে (সরকারি ও ইউপি অংশ) | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | দফাদার | সালটিয়া-০১ জন<br>সর্বমোট-০১ জন | ৭০০০/- | দফাদার পদোন্নতির মাধ্যমে<br>মহল্লাদার পদে অন্যূন ০৭(সাত) বছরের চাকুরি | শুধুমাত্র মহল্লাদারগণ আবেদন করতে হবে |
| ০২ | মহল্লাদার | রসুলপুর-০১ জন<br>বারবাড়িয়া-০২ জন<br>সালটিয়া-০২ জন<br>মশাখালী-০১ জন<br>গফরগাঁও-০৩ জন<br>উস্থি- ০১ জন<br>লংগাইর-০২ জন<br>পাইথল-০২ জন<br>নিগুয়ারি-০২ জন<br>টাংগাব-০১ জন<br>সর্বমোট-১৭ জন | ৬৫০০/- | সরাসরি নিয়োগের মাধ্যমে<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | পুরুষ প্রার্থীর ক্ষেত্রে<br>সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ইঞ্চি<br>বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ),<br>সর্বনিম্ন ওজন ৫০ কেজি<br>মহিলা প্রার্থীর ক্ষেত্রে<br>সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট<br>বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ),<br>সর্বনিম্ন ওজন ৪৫ কেজি |

## শর্তাবলী

০১। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ ও সভাপতি, গ্রাম পুলিশ নিয়োগ কমিটি বরাবর আবেদন করতে হবে।
০২। আবেদনপত্র আগামী ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রয়োজনীয় কাগজপত্র সহ ডাকযোগে/ সরাসরি জমা দিতে হবে।
০৩। আবেদনপত্রে প্রার্থী পূর্ণ জীবন বৃত্তান্ত ঃ ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ওয়ার্ড নং, ইউনিয়ন, উপজেলা, জেলা) (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ভোটার আই.ডি. ও জন্মসনদ নম্বর (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি সত্যায়িত ছবি।
০৫। অনলাইনের জন্মনিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছবি।
০৬। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখ পূর্বক নাগরিকত্বের সনদপত্র।
০৭। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
০৮। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে।
০৯। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। সরকারি/আধাসরকারি সংস্থায় চাকুরীরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১০। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপর্যুক্ত প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।
১১। মহল্লাদার এর শুন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে বিধিমালার যোগ্যতার উপর্যুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যেক পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১২। মহল্লাদারদের মধ্য হতে তাহাদের কর্মতৎপরতা, সততা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে দফাদার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রদান করা হবে।

১৩। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে লিখিত এবং মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও , ময়মনসিংহ বরাবর ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে।

১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে বাতিল বা পরিবর্তন করতে পারিবেন।

(মো: আবিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ কমিটি
গফরগাঁও, ময়মনসিংহ
ফোন নং ০২-৯৯৬৬৭৭০৪৮
ই-মেইল : unogaffargaon@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০১০.০২.০০৫.২৩-১২৬৯

তারিখঃ- ২৮ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ নভেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

০২। পুলিশ সুপার, ময়মনসিংহ।

০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

০৫। মেয়র, গফরগাঁও, ময়মনসিংহ।

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

০৭। অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা/পাগলা থানা, গফরগাঁও, ময়মনসিংহ।

০৮। উপজেলা ..........................................কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ।

০৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গফরগাঁও, ময়মনসিংহ। [ তাকে উক্ত বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। চেয়ারম্যান, ....................................ইউনিয়ন, গফরগাঁও ময়মনংিহ।

১১। ইউনিয়ন পরিষদ সচিব, ...............................................ইউনিয়ন, গফরগাঁও, ময়মনসিংহ।

| বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১২। সভাপতি, গফরগাঁও প্রেসক্লাব, গফরগাঁও, ময়মনসিংহ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষে জাতীয় পর্যায়ের একটি ইংরেজি ও একটি বাংলা পত্রিকায় (ভিতরের পাতায়) স্বল্প পরিসরে আগামী ........................২০২৩ খ্রি. তারিখের মধ্যে কেবলমাত্র ০১(এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত সংখ্যার ০৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩। নোটিশ বোর্ড, ...................................................কার্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ।

১৪। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ কমিটি
গফরগাঁও, ময়মনসিংহ